গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-০১ (প্রশাসন ও হিসাব)
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে-ই-বাংলা-নগর, ঢাকা-১২০৭
www.techedu.gov.bd

স্মারক নং-৫৭.০৩.০০০০.০১০.১৮.০০৬.২৪.৫৬

১৮ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
০১ এপ্রিল ২০২৬

মন্ত্রিপরিষদ বিভাগের ১৭ মার্চ ২০২৬ খ্রি. তারিখে জারিকৃত ০৪.০০.০০০০.০০০.৪১৬.৫৩.০০০১.২৫.১৫১ নং পরিপত্র মোতাবেক ত্রয়োদশ জাতীয় সংসদের ৪১ বগুড়া-৬ এবং ১৪৫ শেরপুর-৩ নির্বাচনি এলাকার নির্বাচল অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষভাবে সম্পন্ন করার লক্ষ্যে নির্বাচন কর্মকর্তা (বিশেষ বিধান) আইন, ১৯৯১-অনুযায়ী কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন প্রতিষ্ঠানসমূহের শিক্ষক/কর্মচারীগণকে সংশ্লিষ্ট আইনের বিধান সম্পর্কে সজাগ থেকে অর্পিত নির্বাচনি দায়িত্ব যথাযথ পালনের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

০১.০৪.২৬
(মোঃ মাহবুবুর রহমান)
সহকারী পরিচালক
ফোন: ০২২২৩৩৭৪৯৪৫
ই-মেইল: dtead1@gmail.com

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১. পরিচালক (সকল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
০২. পরিচালক,আঞ্চলিক পরিচালকের কার্যালয়, কারিগরি শিক্ষা অধিদপ্তর, রাজশাহী/ময়মনসিংহ অঞ্চল।
০৩. অধ্যক্ষ, ভিটিটিআই, বগুড়া।
০৪. অধ্যক্ষ, পলিটেকনিক ইনস্টিটিউট বগুড়া/শেরপুর।
০৫. অধ্যক্ষ (সকল), টেকনিক্যাল স্কুল ও কলেজ বগুড়া/শেরপুর জেলা।
০৬. সহকারী পরিচালক (সকল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
০৭. ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশ ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ই-মেইলে প্রেরণের জন্য অনুরোধসহ)।
০৮. মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৯. সংরক্ষণ নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
সাধারণ অধিশাখা
www.cabinet.gov.bd

নম্বর: ০৪.০০.০০০০.০০০.৪১৬.৫৩.০০০১.২৫.১৫১

তারিখ: ৩ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
১৭ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

## পরিপত্র

বিষয়: ত্রয়োদশ জাতীয় সংসদের ৪১ বগুড়া-৬ এবং ১৪৫ শেরপুর-৩ নির্বাচনি এলাকার নির্বাচন অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষভাবে সম্পন্ন করার লক্ষ্যে নির্বাচন কর্মকর্তা (বিশেষ বিধান) আইন, ১৯৯১-এর বিধান অনুসরণ।

নির্বাচন কমিশন সচিবালয় আগামী ০৯ এপ্রিল ২০২৬ বৃহস্পতিবার অনুষ্ঠেয় ত্রয়োদশ জাতীয় সংসদের ৪১ বগুড়া-৬ এবং ১৪৫ শেরপুর-৩ নির্বাচনি এলাকার নির্বাচন পরিচালনা ও সম্পাদনের দায়িত্বে নিয়োজিত সকল কর্মকর্তা, কর্মচারীকে সততা, নিষ্ঠা ও নিরপেক্ষতার সাথে নির্বাচনি দায়িত্ব পালন করতে এবং উক্ত দায়িত্ব পালনে কোনোরূপ শৈথিল্য প্রদর্শন না করার বিষয়ে সংশ্লিষ্ট সকলকে সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ করেছে।

২। নির্বাচন কর্মকর্তাদের শৃঙ্খলা ও নিয়ন্ত্রণের জন্য নির্বাচন কর্মকর্তা (বিশেষ বিধান) আইন, ১৯৯১-এর বিধানাবলির প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। উক্ত আইনের ৪ ধারায় নির্বাচন কর্মকর্তার চাকরি এবং ৫ ধারায় শৃঙ্খলামূলক বিধানাবলি বিধৃত রয়েছে।

৩। নির্বাচন সংক্রান্ত কোনো দায়িত্ব-সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী ও শিক্ষক বা অন্য যে-কোনো ব্যক্তি নির্বাচন কর্মকর্তা (বিশেষ বিধান) আইন, ১৯৯১-এর ২(ঘ) ধারায় বর্ণিত সংজ্ঞা অনুযায়ী নির্বাচন কর্মকর্তা হিসেবে গণ্য হবেন এবং তিনি উক্ত দায়িত্ব পালনের জন্য নির্বাচন কমিশনের নিকট দায়ী থাকবেন। এরূপ দায়িত্ব ও কর্তব্যে নিযুক্তির জন্য নির্বাচন কর্মকর্তা হিসেবে কোনো আনুষ্ঠানিক নিয়োগপত্র নাও থাকতে পারে। নির্বাচন কমিশন কোনো সরকারি, আধাসরকারি, স্বায়ত্তশাসিত ও আধাস্বায়ত্তশাসিত অফিস/প্রতিষ্ঠান এমনকি বেসরকারি অফিস/প্রতিষ্ঠানের কাছে লিখিতভাবে কোনো তথ্য সরবরাহ, কর্মসম্পাদন ইত্যাদির জন্য কোনো নির্দেশ প্রদান করলেই সেই অফিস/প্রতিষ্ঠান প্রধান ও অন্যান্য কর্মকর্তা/কর্মচারী (যারা সংশ্লিষ্ট তথ্য প্রদান ও কর্মসম্পাদনের দায়িত্বে নিয়োজিত) নির্বাচন সংক্রান্ত দায়িত্বে নিযুক্ত হয়েছেন বলে গণ্য হবেন। নির্বাচন সংক্রান্ত কোনো দায়িত্ব পালনে অনীহা, অসহযোগিতা, শৈথিল্য বা ভুল তথ্য প্রদান ইত্যাদির জন্য অসদাচরণের অভিযোগে সংশ্লিষ্ট নির্বাচন কর্মকর্তাকে অভিযুক্ত করা যাবে এবং শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

৪। এমতাবস্থায়, সকল মন্ত্রণালয়/বিভাগ এবং সরকারি, আধাসরকারি, স্বায়ত্তশাসিত, আধাস্বায়ত্তশাসিত ও বেসরকারি অফিস/প্রতিষ্ঠান/সংস্থার কর্মকর্তা/কর্মচারী/শিক্ষকগণকে সংশ্লিষ্ট আইনের বিধান সম্পর্কে সজাগ থেকে অর্পিত নির্বাচনি দায়িত্ব যথাযথভাবে পালনের জন্য অনুরোধ করা হলো।

১৭-০৩-২০২৬
নাসিমুল গনি
মন্ত্রিপরিষদ সচিব
ফোন : ২২৬৬৪১৪৪৪
ফ্যাক্স : ৯৫৬৬৫৫৯
ইমেইল : cab_secy@cabinet.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। সিনিয়র সচিব/সচিব (সকল)।

২। প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ।

৩। মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ, ঢাকা।

৪। মহাপরিচালক, বিজিবি।

৫। মহাপরিচালক, বাংলাদেশ কোস্ট গার্ড।

৬। মহাপরিচালক, আনসার ও ভিডিপি।

৭। কমিশনার, রাজশাহী বিভাগ।

৮। কমিশনার, ময়মনসিংহ বিভাগ।

৯। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

১০। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

১১। মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

১২। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

১৩। মহাপরিচালক, ডাক অধিদপ্তর, ঢাকা।

১৪। জেলা প্রশাসক, বগুড়া।

১৫। জেলা প্রশাসক, শেরপুর।

১৬। পুলিশ সুপার (সংশ্লিষ্ট)।

১৭। উপজেলা নির্বাহী অফিসার, বগুড়া সদর, বগুড়া।

১৮। উপজেলা নির্বাহী অফিসার, শ্রীবরদী, শেরপুর।

১৯। উপজেলা নির্বাহী অফিসার, ঝিনাইগাতী, শেরপুর এবং

২০। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, মন্ত্রিপরিষদ বিভাগ (মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

অনুলিপি:

সকল কর্মকর্তা, মন্ত্রিপরিষদ বিভাগ।

১৭-০৩-২০২৬

তানিয়া আফরোজ

উপসচিব

সকল কর্মকর্তা, মন্ত্রিপরিষদ বিভাগ।

১৭-০৩-২০২৬
তানিয়া আফরোজ
উপসচিব